 **UG/III/BENG/H/VIII/18(New)**

২০১৮

বাংলা

(সাম্মানিক)

অষ্টম পত্র

পূর্ণমান ঃ ৬০

সময় ঃ ৩ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

বর্গ—ক

( *লোকসাহিত্য ও লোকসংস্কৃতি* )

১। শিষ্টসংস্কৃতি ও লোকসংস্কৃতির তুলনামূলক আলোচনা করো। ১২

*অথবা*

লোকসংস্কৃতির শ্রেণীবিভাগ করো। প্রতিটি বিভাগের দৃষ্টান্ত দাও। ১২

( *Turn Over* )

২। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৩

(*ক*) লোকসাহিত্যের বৈশিষ্ট্যগুলি কি কি ? লোকসাহিত্য ও শিষ্টসাহিত্যের পার্থক্যগুলি লেখো । ৬ + ৬

(*খ*) লোককথা কয় প্রকার ও কী কী ? লোককথার সাধারণ বৈশিষ্ট্যগুলি লেখো । ৫ + ৭

(*গ*) 'বাংলার লৌকিক ছড়াগুলি চিরনূতন চিরপুরাতন' — রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে আলোচনা করো । ১২

(*ঘ*) হরগৌরীর গানের মধ্যে রয়েছে বাংলার প্রাণের কথা — রবীন্দ্রনাথের 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো । ১২

(*ঙ*) ব্রতের মধ্যে একটি নাট্যলক্ষণ আছে । — 'বাংলার ব্রত' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো । ১২

(*চ*) 'চন্দ্রাবতী' পালাটির চন্দ্রাবতী চরিত্রটি একই সঙ্গে প্রেমিকা ও কন্যা রূপে সার্থক হয়ে উঠেছে — আলোচনা করো । ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(*ক*) লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতির মধ্যে কোনো সীমারেখা টানা সম্ভব কি ? — তোমার মতামত লেখো । ৪

(খ) 'ভাওয়াইয়া' নামকরণের তাৎপর্যগুলি সংক্ষেপে লেখো । ৪

(গ) রূপকথা ও উপকথার পার্থক্য কোথায় ? — দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও । ৪

(ঘ) ছড়ার বিচার শিষ্ট সংস্কৃতির মানদণ্ডে করা কেন সম্ভব নয় বলে রবীন্দ্রনাথ মনে করেছেন, 'ছেলে ভুলানো ছড়া' অবলম্বনে আলোচনা করো । ৪

(ঙ) আঞ্চলিকতা লোকসাহিত্যের একটি অন্যতম বৈশিষ্ট্য — 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে তা আলোচনা করো । ৪

(চ) টীকা লেখো (যে কোন *একটি*) : ৪

ধাঁধা, চন্দ্রাবতী পালার পত্রাবলী, ব্রতের শ্রেণীবিভাগ ।

## বর্গ — খ

### ( *কথাসাহিত্য* )

১। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৩

(ক) 'ইছামতী' উপন্যাসে ইছামতী নদী মানুষের জীবনে কতখানি প্রভাব বিস্তার করেছে আলোচনা করো । ১২

(খ) স্বাধীনতা উত্তর ভারতবর্ষে মেনে নেওয়া ও মানিয়ে নেওয়ার ঘেরাটোপে আবদ্ধ নারীর প্রথম স্বাধীন কণ্ঠের

আত্মঘোষণা সত্যবতী চরিত্রের মধ্যে কীভাবে প্রকাশ পেয়েছে 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের নিরিখে বিশ্লেষণ করো । ১২

(*গ*) 'গৌড়মল্লার' উপন্যাসের বজ্রদেব চরিত্রটি বিশ্লেষণ করো । ১২

(*ঘ*) 'শাম্ব' ভ্রমণকাহিনী না উপন্যাস বিচার করো । ১২

২। যে কোন *একটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ১

(*ক*) 'প্রাগৈতিহাসিক' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো । ১২

(*খ*) 'টোপ' গল্পে যে ভয়ঙ্কর ও নির্মম জীবনসত্যের প্রকাশ ঘটেছে তা বিশ্লেষণ করো । ১২

(*গ*) 'অশ্বমেধের ঘোড়া' গল্পে আধুনিক নরনারীর যে মানসিক টানাপোড়েনের চিত্র ফুটে উঠেছে তার স্বরূপ ব্যাখ্যা করো । ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(*ক*) 'গৌড়মল্লার' উপন্যাসের পটভূমি বর্ণনা করো । ৪

(*খ*) 'রসময়ীর রসিকতা' গল্পের হাস্যরসের প্রকৃতি বিশ্লেষণ করো । ৪

(*গ*) 'বেদেনী' গল্পে আদিম জীবনসত্যের রূপায়ণে গল্পকারের কৃতিত্ব পর্যালোচনা করো । ৪

(ঘ) 'হয়তো' গল্পের শিল্পরীতি বিশ্লেষণ করো । ৪

(ঙ) 'নেটিভ স্টেট, বাঘের বাচ্চা বাঘই' — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর । ৪

## বর্গ—গ

### ( *নাটক* )

১। যে কোন *একটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ১

(*ক*) রবীন্দ্রনাথের নাটকে কালিদাসের প্রভাব সম্পর্কে আলোচনা করো । ১২

(*খ*) অ্যাবসার্ড নাটকের একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা দিয়ে বাদল সরকারের নাটকে অ্যাবসার্ড দর্শনের প্রভাব কতদূর লক্ষ্যগোচর তা পর্যালোচনা করে দেখাও । ১২

২। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৩

(ক) অপূর্ব ব্যঞ্জনাময় সংলাপ কিভাবে 'সধবার একাদশী' প্রহসনের কাহিনীকে সরস ও প্রাণবান করে তুলেছে আলোচনা করো । ১২

(খ) 'কণ্ঠনালীতে সূর্য' নাটকে নাট্যকারের কবিসত্তার পরিচয় দাও। ১২

(গ) 'ডাকঘর' নাটকটির নামকরণের যথার্থতা বিচার করো। ১২

(ঘ) 'বল্লভপুরের রূপকথা' নাটকটির অনুপ্রেরণা একটি বিদেশী চলচ্চিত্র হলেও নাটকটি মৌলিক — আলোচনা করো। ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(ক) সংক্ষেপে গিরিশচন্দ্র ঘোষের নাটকে শেক্সপীয়রের প্রভাব দেখাও। ৪

(খ) 'কণ্ঠনালীতে সূর্য' নাটকে 'নীল আলো' কিসের প্রতীক আলোচনা করো। ৪

(গ) 'সধবার একাদশী' প্রহসনের হাস্যরসের পরিচয় দাও। ৪

(ঘ) 'বল্লভপুরের রূপকথা' নাটকে দোকানদার চরিত্রগুলির গুরুত্ব লেখো। ৪

## বর্গ—ঘ

### ( *রবীন্দ্রসাহিত্য* )

১। যে কোন *একটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ১

(ক) ''পুনশ্চ' কাব্যগ্রন্থে রবীন্দ্রনাথ তুচ্ছকেও মর্যাদায় প্রতিষ্ঠিত

করেছেন'' পাঠ্য কবিতাগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো । ১২

(খ) 'শিশুতীর্থ' কবিতায় মৃত্যুকে জয় করে অমৃতলাভের কথা কীভাবে মুখ্য হয়ে উঠেছে তা লেখো । ১২

২। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৩

(ক) 'যোগাযোগ' উপন্যাসে দাম্পত্য সম্পর্কের যে মনস্তাত্ত্বিক জটিলতা প্রকাশিত হয়েছে তা আলোচনা করো । ১২

(খ) 'সমাধান' প্রবন্ধে রাষ্ট্রনীতির স্বাধীনতা সম্পর্কে রবীন্দ্রনাথ কী বলেছেন তা লেখো । ১২

(গ) 'রাজা' নাটকে সুদর্শনা চরিত্রটির বিবর্তন দেখাও । ১২

(ঘ) ছোট গল্প হিসাবে 'পয়লানম্বর' গল্পটির সার্থকতা বিচার করো । ১২

(ঙ) ''দুর্বল পুরুষতন্ত্রের বিরুদ্ধে নারীবাদী ভাবনা ও তার জেহাদ 'জীবিত ও মৃত' গল্পটিকে উজ্জ্বল করেছে'' মন্তব্যটি বিচার করো । ১২

(চ) 'তীর্থযাত্রী' কবিতায় কবির বক্তব্যটি বিশ্লেষণ করো । ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(ক) পুনশ্চ কাব্যের 'নাটক' কবিতার অভিনবত্বের দিকটির সংক্ষিপ্ত পরিচয় দাও । ৪

(খ) 'যোগাযোগ' উপন্যাসে অপ্রধান চরিত্র হিসাবে মোতির মায়ের ভূমিকাটি লেখো । ৪

(গ) "এই বড়ো-ইংরেজ স্থির নাই, সে অগ্রসর হইয়া চলিয়াছে । ইতিহাসের মধ্য দিয়া তার জীবনের পরিবর্তন ও প্রসার ঘটিতেছে ।" প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো । ৪

(ঘ) 'রাজা' নাটকে গানের সংখ্যা কটি ? এই গানগুলি কারা গেয়েছেন ? ৪

(ঙ) 'মধ্যবর্তিনী' গল্পটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয় ? গল্পের পাত্র পাত্রীর সংখ্যা কত ? কে কে ? ৪

(চ) "সেই মুহূর্তেই সে জননীর পদ অধিকার করিয়া বসিল ।" কে কীভাবে কার জননীর পদ অধিকার করে বসল ? ৪

---